তারিখ ... 29 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# দুই শিক্ষা প্রতিষ্ঠানে চার বাস হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী

■ বাসস

প্রধানমন্ত্রী শেখ হসিনা নিটল-নিলয় গ্রুপের সৌজন্যে নগরীর দুটি শিক্ষা প্রতিষ্ঠানের কাছে ৪টি বাস হস্তান্তর করেছেন।

রাজধানীর টিকাটুলি এলাকার শের-ই-বাংলা গার্লস স্কুল অ্যান্ড কলেজ এবং আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজের কাছে বাস হস্তান্তর করা হয়। প্রতিটি প্রতিষ্ঠান দুটি করে বাস পেয়েছে।

গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনে এক অনুষ্ঠানে তিনি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের কাছে ৩৬ আসনের বাসগুলোর চাবি হস্তান্তর করেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসেন, নিটল-নিলয় গ্রুপের চেয়ারম্যান আবদুল মাতলুব আহমাদ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়, শিক্ষা মন্ত্রণালয় ও নিটল-নিলয় গ্রুপের সিনিয়র কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

এ উপলক্ষে অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ দুটি প্রতিষ্ঠানে তার শিক্ষা জীবনের স্মৃতি স্মরণ করে প্রতিষ্ঠান দুটিতে শিক্ষার্থীরা যাতে খেলাধুলায় অংশ নিতে পারে সে ব্যাপারে খেলার মাঠের সুযোগ রাখার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানান। শেখ হাসিনা শের-ই-বাংলা স্কুলে ও আজিমপুর স্কুল অ্যান্ড কলেজে পড়েছেন। শিক্ষা প্রতিষ্ঠান দুটির উন্নয়নে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন প্রধামন্ত্রী। শিক্ষার্থীরা যাতে দীর্ঘদিন বাসগুলোর সেবা নিতে পারে এ জন্য তিনি প্রতিষ্ঠানের অধ্যক্ষদের বাসগুলো যথাযথভাবে রক্ষাণাবেক্ষণের আহ্বান জানান।

**মঙ্গোলিয়ার রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ও মঙ্গোলিয়ার মধ্যে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের ওপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতীয় সংসদ ভবনের কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত মঙ্গোলিয়ার অনাবাসিক রাষ্ট্রদূত গোনচিং গ্যানবোল্ড সৌজন্য সাক্ষাতে এলে প্রধানমন্ত্রী এ নিয়ে কথা বলেন।

প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বৈঠকের পর এ বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন।